

II রিয়াযুস স্বা-লিহীন (রিয়াদুস সালেহীন)

হাদিস নাম্বারঃ ১৯৩ [আন্তর্জাতিক নাম্বারঃ ১৮৮]

বিবিধ (كتاب المقدمات)

পরিচ্ছেদঃ ২৩: ভাল কাজের আদেশ ও মন্দ কাজে নিষেধ করার গুরুত্ব

(23) _ باب الأمر بالمعروف والنهى عن المنكر

আরবী

عَن أُمِّ المُؤمِنِينَ أُمِّ سَلَمَةَ هِندِ بِنتِ أَبِي أُمَيَّةَ حُذَيفَةَ رَضِيَ الله عَنهَا، عَنِ النَّبِيّ صلى الله عليه وسلم، أَنَّهُ قَالَ: «إِنَّهُ يُسْتَعْمَلُ عَلَيْكُمْ أُمَرَاءُ فَتَعرِفُونَ وتُنْكِرُونَ، فَمَنْ كَرِهَ فَقَدْ بَرِيَّ، وَمَنْ أَنْكَرَ فَقَدْ سَلِمَ، وَلَكِنْ مَنْ رَضِيَ وَتَابَعَ» قَالُوا: يَا رَسُولَ اللهِ صلى الله عليه وسلم، أَلاَ نُقَاتِلهم؟ قَالَ: «لاَ، مَا أَقَامُوا فيكُمُ الصَّلاةَ». رواه مسلم

বাংলা

ে ৫/১৯৩। উম্মুল মু'মেনীন উম্মে সালামাহ হিন্দ্ বিন্তে আবী উমাইয়া হ্যাইফাহ রাদিয়াল্লাহু □আনহা কর্তৃক বর্ণিত, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন, ''অদূর ভবিষ্যতে তোমাদের উপর এমন শাসকবৃন্দ নিযুক্ত করা হবে, যাদের (কিছু কাজ) তোমরা ভালো দেখবে এবং (কিছু কাজ) গর্হিত। সুতরাং যে ব্যক্তি (তাদের গর্হিত কাজকে) ঘৃণা করবে, সে দায়িত্বমুক্ত হয়ে যাবে এবং যে আপত্তি ও প্রতিবাদ জানাবে, সেও পরিত্রাণ পেয়ে যাবে। কিন্তু যে ব্যক্তি (তাতে) সম্মত হবে এবং তাদের অনুসরণ করবে (সে ধ্বংস হয়ে যাবে)।'' সাহাবীগণ বললেন, 'হে আল্লাহর রাসূল! আমরা কি তাদের বিরুদ্ধে যুদ্ধ করব না?' তিনি বললেন, ''না; যে পর্যন্ত তারা তোমাদের মধ্যে নামায কায়েম করবে।''[1]

English

(23) Chapter: Enjoining Good and forbidding Evil

Umm Salamah (May Allah be pleased with her) reported:

The Prophet () said, "You will have rulers some of whom you approve and some of whom you will disapprove. He who dislikes them will be safe, and he who expresses disapproval will be safe, but he who is pleased and follows them (will be indeed sinful)". His audience asked: "Shall we not fight them?" He replied, "No, as long as they establish Salat amongst you".



[Muslim].

ফুটনোট

[1] মুসলিম ১৮৫৪, তিরমিয়ী ২২৬৫, ৪৭৬০, আহমাদ ২৫৯৮৯, ২৬০৩৭, ২৬১৮৮

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন